সমকাল

তারিখ ..23 OCT 2017... পৃষ্ঠা ...১৯... কলাম...৬......

# সাফল্যের ধারায় এগিয়ে চলেছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

■ **ইজাজ আহমেদ মিলন**, *গাজীপুর*

ঝরেপড়া শিক্ষার্থীদের নির্ভরযোগ্য আশ্রয়স্থল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) প্রতিষ্ঠার রজতজয়ন্তী উদযাপন করবে আগামী বৃহস্পতিবার। পঁচিশ বছর পেরিয়ে ছাব্বিশে পা রাখছে এই প্রতিষ্ঠান। দূরশিক্ষণ পদ্ধতিতে শিক্ষাদান করে আসছে এসএসসি থেকে পিএইচডি পর্যায়ে। অর্জন করেছে অভূতপূর্ব সাফল্য। শিক্ষাবঞ্চিত নানা শ্রেণির মানুষকে উচ্চতর ডিগ্রি অর্জন সহজতর করে দিয়েছে, কর্মক্ষেত্রে থেকেও খুব সহজে পড়াশোনা করে ডিগ্রি অর্জন করেছে লাখ লাখ শিক্ষার্থী।

গাজীপুরের বোর্ডবাজার এলাকায় ঢাকা-ময়মনসিংহ সড়কের পশ্চিম প্রান্তে প্রায় ৩৫ একর জমির ওপর প্রতিষ্ঠিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। ১৯৯২ সালের ২১ অক্টোবর যাত্রা শুরু বিশ্ববিদ্যালয়টির। ৪৩টি আনুষ্ঠানিক ও ১৯টি অনানুষ্ঠানিক শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে দেশের ছয় লাখের বেশি শিক্ষার্থীকে পাঠদান করছে বাউবি। দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ১২টি আঞ্চলিক কেন্দ্র ও ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে শিক্ষার্থী রেজিস্ট্রেশন, পাঠসামগ্রী বিতরণসহ শিক্ষাবিষয়ক কর্মকাণ্ড সমন্বয় ও তদারক করা হয়ে থাকে। দেশজুড়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলে এক হাজার ৪৭৫টি

## রজতজয়ন্তী উৎসব বৃহস্পতিবার




গাজীপুরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক ■ সমকাল

স্টাডি সেন্টার রয়েছে। এগুলোতে মাসে দু'দিন টিউটোরিয়াল ক্লাস পরিচালনার জন্য ২৬ হাজার শিক্ষক সম্পৃক্ত রয়েছেন। বাউবি সূত্রে জানা যায়, ছয়টি স্কুলের অধীনে স্নাতকোত্তর পর্যায়ে মাস্টার্স অব এডুকেশন (এমএড), মাস্টার্স অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ), কমনওয়েলথ এক্সিকিউটিভ মাস্টার্স অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (সিমবা), কমনওয়েলথ এক্সিকিউটিভ মাস্টার্স অব পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (সিমপা), চার বছর মেয়াদি স্নাতক সম্মান পর্যায়ে রাষ্ট্রবিজ্ঞান, সমাজতত্ত্ব, ■ পৃষ্ঠা ৪ : কলাম ২

## সাফল্যের ধারায় এগিয়ে চলেছে

[১৯ পৃষ্ঠার পর]

ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, আইন এবং বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স প্রোগ্রাম চালু রয়েছে এখানে। এ ছাড়া চার বছর মেয়াদি বিবিএ, তিন বছর মেয়াদি ব্যাচেলর অব আর্টস (বিএ), ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (বিএসএস), ব্যাচেলর অব বিজনেস স্টাডিজও (বিবিএস) চালু রয়েছে। শিক্ষক প্রশিক্ষণের জন্য ব্যাচেলর অব এডুকেশন, ইংরেজি শিক্ষার শিক্ষকদের প্রশিক্ষণের জন্য ব্যাচেলর অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং (বেল্ট), কৃষি শিক্ষার শিক্ষক হতে আগ্রহীদের জন্য ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড), ডিপ্লোমা পর্যায়ে ব্যবসায় শিক্ষা গ্রহণের জন্য পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট (পিজিডিএম), যুব উন্নয়নে শিক্ষা গ্রহণের জন্য ডিপ্লোমা ইন ইয়ুথ ইন ডেভেলপমেন্ট ওয়ার্ক (ডিওয়াইডিডব্লিউ), কম্পিউটার শিক্ষায় আগ্রহীদের জন্য ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন (ডিসিএসএ) প্রোগ্রাম চালু রয়েছে। সার্টিফিকেট পেশাগত শিক্ষা গ্রহণের জন্য সার্টিফিকেট ইন লাইভস্টক অ্যান্ড পোলট্রি (সিএপি), সার্টিফিকেট ইন পিসিকালচার অ্যান্ড ফিশ প্রসেসিং (সিপিএফপি) এবং ভাষাশিক্ষার জন্য সার্টিফিকেট ইন অ্যারাবিক ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি (কালপ), সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি (সেলপ), প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণের জন্য সার্টিফিকেট ইন এডুকেশন (সিএড) প্রোগ্রাম চালু রয়েছে। পেশাগত শিক্ষায় বিএসসি ইন নার্সিং (বিএসএম) প্রোগ্রামে ছাত্রছাত্রী রয়েছে। এ ছাড়া এসএসসি ও এইচএসসি প্রোগ্রামে বিপুলসংখ্যক ছাত্রছাত্রী শিক্ষা নিচ্ছে এখান থেকে। কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা গ্রহণ, পেশাজীবী হিসেবে দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা গ্রহণ, জীবনব্যাপী শিক্ষা-সাধনা, যোগাযোগ-বঞ্চিতদের জন্য শিক্ষা, নারী শিক্ষার প্রসার ইত্যাদি বাস্তবায়নে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এরই মধ্যে পরিচিতি লাভ করেছে দেশে।

বাউবির তথ্য ও জনসংযোগ বিভাগের যুগ্ম পরিচালক মো. আবুল কাসেম শিখদার বলেন, 'বিশ্ববিদ্যালয় আইনের ৫ ধারায় বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে : বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য হইবে যে কোনো ধরনের যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বহুমুখী পন্থায় সর্বস্তরের শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞানের সম্প্রসারণ, শিক্ষার মান উন্নয়ন এবং শিক্ষাকে গণমুখীকরণের মাধ্যমে সর্বসাধারণের নিকট শিক্ষার সুযোগ পৌঁছিয়ে দেওয়া এবং সাধারণভাবে জনগণের শিক্ষার মান উন্নত করে দক্ষ জনগোষ্ঠী সৃষ্টি করা।'

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান বলেন, 'বাউবিকে প্রতিনিয়ত আধুনিকায়ন করা হচ্ছে। তথ্যপ্রযুক্তির ওপর জোর দিয়ে বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের করে গড়ে তুলতে কাজ করে যাচ্ছে সবাই।' তিনি আরও বলেন, 'এটি একটি ব্যতিক্রমধর্মী বিশ্ববিদ্যালয়। প্রযুক্তি ও ব্যবস্থাপনানির্ভর এ শিক্ষা ব্যবস্থা। মিডিয়া, ইন্টারনেট, টেলিভিশন ও রেডিও ব্রডকাস্টিং, মোবাইল ও অডিও প্লেয়ারে মাইক্রোএসডি কার্ড, ই-লার্নিং, ভিডিও কনফারেন্সিং, মাল্টিমিডিয়া, ই-বুক, ইউটিউব, বাউবি টিউব, টুইটার, ওয়েবটিভি, ওয়েব রেডিও, ডিভিডি ও ইন্টারঅ্যাকটিভ ভার্চুয়াল ক্লাসরুম (আইভিসিআর), এফএম রেডিও, ওপেন এডুকেশন রিসোর্স, অনলাইন ইএলটি প্রোগ্রাম, মোবাইল অ্যাপস, এলএমএস, ভিডিও স্ট্রিমিং ইত্যাদি মাধ্যম ব্যবহার করে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বর্তমানে পরিচালিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম বাস্তবায়নে ১৩৭ শিক্ষক, ৫০৬ কর্মকর্তা ও ৬২৫ জন কর্মচারী কর্মরত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা ছয় লাখ ছাড়িয়ে গেছে। বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ নৌবাহিনীর সৈনিকদের শিক্ষা-সুবিধা দেওয়ার লক্ষ্যে নিশ-১ ও নিশ-২ শিক্ষা প্রোগ্রামের অধীনে এইচএসসি প্রোগ্রাম চালু হয়েছে। প্রধানমন্ত্রী কার্যালয়ের অধীনে পরিচালিত অ্যাকসেস টু ইনফরমেশন প্রোগ্রামের আওতায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তার শিক্ষার পরিসর বৃদ্ধি করতে যাচ্ছে। একই সঙ্গে ওপেন এডুকেশন রিসোর্স প্রোগ্রামে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সংযুক্ত হয়েছে।

বাউবির সপ্তম উপাচার্য ড. এম এ মাননান বলেন, 'বিশ্বব্যাপী উন্মুক্ত ও দূরশিক্ষা ব্যবস্থা খুবই জনপ্রিয় শিক্ষা ব্যবস্থা। প্রযুক্তির সহায়তায় এ শিক্ষা ক্রমেই প্রসারিত হচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিশ্বায়নের এ যুগে তাই সবার কাছে শিক্ষা গ্রহণের জন্য প্রিয় প্রতিষ্ঠান।

গত বছর ১৯ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের পঞ্চমতম সমাবর্তন অনুষ্ঠিত হয়। এতে গ্র্যাজুয়েট সম্পন্ন করা প্রায় পাঁচ হাজার শিক্ষার্থীকে সনদ দেওয়া হয় বলে বাউবি সূত্র জানায়। বাউবির রজতজয়ন্তী উপলক্ষে বৃহস্পতিবার সকালে শোভাযাত্রা, স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্যের সামনে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হবে। এরপর 'টেকসই ও প্রযুক্তিনির্ভর উন্নয়নে উন্মুক্ত ও দূরশিক্ষণ' শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হবে। দুপুরে অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ স্বাধীনতা চিরন্তন থেকে বেলুন ও পায়রা ওড়াবেন। রজতজয়ন্তীর কেক কাটা ও স্মৃতিচারণামূলক অনুষ্ঠান হবে তার পর। বিকেলে হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। উপাচার্য এম এ মাননানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে